

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী

তারিখ : ০৬/১১/২০১৯ খ্রি.

২০১৯ সালের ৪র্থ বর্ষ অনার্স ফাইনাল পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের ৪র্থ বর্ষ অনার্স বিএ/বিএসএস/বিবিএ/বিএসসি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট বিষয় কোর্স সমূহের যাবতীয় কার্যক্রম Online- এ ০২ নভেম্বর, ২০১৯ তারিখ থেকে শুরু হয়েছে।

উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে MICR পে-অর্ডার এর ফি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

নিম্নে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল :

ক্রমিক নং	বিষয়	ফরম পূরণ ও জমাদানের তারিখ	সময়
১	বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসঃইতিহাস, দর্শন	১৪/১১/২০১৯	সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত
২	অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	১৭/১১/২০১৯	
৩	পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত	১৮/১১/২০১৯	

সেশন ফি ও পরীক্ষার ফি নিম্নরূপ

ক্রমিক নং	বিষয়	পরীক্ষার ফি	সেশন ফি	মোট	পরীক্ষা ফি পূর্ণপত্র অনিয়মিত
০১	বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	৩৫০০/-	২৮০৫/-	৬৩০৫/-	৩৮০০/-
০২	সমাজকর্ম	৩৬০০/-	২৮০৫/-	৬৪০৫/-	৩৯০০/-
০৩	রসায়ন	৩৮২০/-	২৮০৫/-	৬৬২৫/-	৪১২০/-
০৪	প্রাণিবিদ্যা ও উদ্ভিদবিদ্যা	৪০২০/-	২৮০৫/-	৬৮২৫/-	৪৩২০/-
০৫	পদার্থবিদ্যা ও গণিত	৩৮২০/-	২৮০৫/-	৬৬২৫/-	৪১২০/-

যে সকল ছাত্র-ছাত্রী সেশন ফি এর টাকা প্রদান করে নাই তাদেরকে সেশন ফি ও ফরমপূরণ এর নির্ধারিত ফি সহ একসাথে MICR পে-অর্ডার সংগ্রহ করতে হবে।

◆ ইনকোর্স পরীক্ষার ফি না নেওয়ার জন্য অনুরোধ করা গেল।

◆ শুধুমাত্র সমাজকর্ম বিভাগে মাঠকর্ম পত্রে অংশগ্রহণ পরীক্ষার্থী পরীক্ষা ফি নগদ ১০০০/- (এক হাজার টাকা) মাত্র বিভাগীয় সেমিনার ফান্ডে জমা দিবে।

ফি জমা দান পদ্ধতি :

ফেনী পৌর এলাকার যে কোন সোনালী ব্যাংক থেকে অধ্যক্ষ, ফেনী সরকারি কলেজ এর নামে এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করতে হবে।

বিশেষ দৃষ্টব্য :- এখানে উল্লেখ্য যে, পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা অধ্যক্ষ, ফেনী সরকারি কলেজ এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।

আবেদন ফরম সংগ্রহ :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট : www.nubd.info/honours থেকে ফরম পূরণ এর ফরম সংগ্রহ করতে হবে।

অকৃতকার্য ও মানউন্নয়ন পরীক্ষার ফি নিম্নরূপ:

১ বিষয়	-	-	-	-	-	-	-	-	- ১১০০/-
২ বিষয়	-	-	-	-	-	-	-	-	- ১৩০০/-
৩ বিষয়	-	-	-	-	-	-	-	-	- ১৫০০/-
৪ বিষয়	-	-	-	-	-	-	-	-	- ১৭০০/-
৫ বিষয়	-	-	-	-	-	-	-	-	- ১৯০০/-
৬ বিষয়	-	-	-	-	-	-	-	-	- ২১০০/-

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

- ক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০১৮ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
- খ) ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল পরীক্ষার্থী ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।
- গ) ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০১৮ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবেন।

৪। অনার্স পাঠ্যসূচী(Syllabus):

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের বিএ, বিএসএস, বিবিএ, বিএসসি অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণের পদ্ধতি (পরীক্ষার্থীদের জন্য) :

- ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। ফি সহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।
- খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

বিভাগীয় প্রধানগণ :

পূরণকৃত আবেদন ফরমের পত্র, বিষয়কোড, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি যাচাই পূর্বক আবেদন ফরমে বিভাগীয় প্রধানগণ স্বাক্ষর আবশ্যিক। আবেদন ফরম জমা গ্রহণের পর কম্পিউটার ইনপুট করে পরীক্ষার্থীর নাম, রেজি : নং, বিষয় কোড যাচাই বাচাই করে কম্পিউটার বিবরণীতে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীর বিবরণীতে কোন ভুলত্রুটির জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে। ব্যাংক ড্রাফট করার ২ দিন পূর্বেই (বিভাগীয় প্রধান স্বাক্ষরকৃত) বিবরণী কলেজ অফিসে জমা দিতে হবে।


অধ্যক্ষ ০৭.১১.১৭

ফেনী সরকারী কলেজ, ফেনী।

ফেনী সরকারী কলেজ, ফেনী।
